শ্রীগৌড়ীয়-বৈষ্ণবসম্মিলনীর প্রীতি-উপহার।

শ্রীশ্রীগৌরচন্দ্রো জয়তি।

# শ্রীজগদানন্দ পদাবলী।

শ্রীমন্নিত্যানন্দপ্রভুবংশ্য

শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী

কর্ত্তৃক সম্পাদিত।

কলিকাতা,
৮২, মাণিকতলা ষ্ট্রীট্।

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবসম্মিলনী-কার্য্যালয় হইতে
শ্রীভবতারণ সরকার কর্ত্তৃক
প্রকাশিত।

২২শে পৌষ ; ১৩২৪ বঙ্গাব্দ।

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবসম্মিলনীর প্রীতি-উপহার।

শ্রীশ্রীগৌরচন্দ্রো জয়তি।



# শ্রীজগদানন্দ পদাবলী।

শ্রীমন্নিত্যানন্দপ্রভুবংশ্য

শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী

কর্ত্তৃক সম্পাদিত।

কলিকাতা,
৮২, মাণিকতলা ষ্ট্রীট্।

শ্রীগৌড়ীয়-বৈষ্ণবসম্মিলনী-কার্য্যালয় হইতে
শ্রীভবতারণ সরকার কর্ত্তৃক
প্রকাশিত।

২২শে পৌষ; ১৩২৪ বঙ্গাব্দ।

শ্রীশ্রীগৌরহরির্জয়তি।

# শ্রীজগদানন্দ-পদাবলী।

## শ্রীগৌরাঙ্গের রূপবর্ণন।

(১)

দামিনী-দাম-দমন রুচি দরশনে
দূরে গেও দরপকি দাপ।
শোণকুসুম তাহে কোন গণিয়ে রে
প্রাতর-অরুণ সন্তাপ॥
গোরা-রূপের যাঙ বলিহারি।
হেরি সুধাকর মুরুছি চরণ-তলে
পড়ি দশনখরূপধারী॥
সুবরণ বরণ হেরি নিজ কুবরণ
মানি আপুনী মনতাপে।
নিজ তনু জারি ভসম সম করইতে
পৈঠল আনল সন্তাপে॥
যো সম বিধিক অধিক নাহি অনুভব
তুলনা দিবারে নাহি ঠৌর।
জগদানন্দ কহু পহুঁক তুলনা পহুঁ
নিরুপম গৌরকিশোর॥

( ২ )

গৌর কলেবর মৌলি মনোহর
চিকুর ঐছে নেহারী।
জনু, হেমমহীধর- শিখরে চামর
দেই উর পর ডারি॥
পীন উর উপনীত কৃত উপবীত
সীতিম রঙ্গ।
জনু, কনয়া ভূধর বেঢ়ি বিলসই
সুর-তরঙ্গিণী গঙ্গ॥
আধ অম্বর আধ সম্বর
আধ অঙ্গ সুগোর।
জনু, জলদ-সঞে অতি বালুরবি-ছবি
নিকসে অধিক উজোর॥
জগত আনন্দ পহুঁক পদনখ
লখই ঐছন ছন্দ।
জনু, মীনকেতন করু নির্ম্মঞ্ছন
চরণে দেই দশচন্দ॥

## শ্রীবিষ্ণুপ্রিয়া দেবীর ভাবোল্লাস।

( ৩ )

আলিরি, হোত মনহুঁ হুলাস হুলছন,
বাম নিজ ভুজ উরোজ ঘন ঘন,
ফুরই দূর-সঞে, প্রাণ পিউ কিএ,
তদূর আওব রে।

যবহুঁ পহুঁ পরদেশ তেজব,
আগেনি লেখন-সন্দেশ ভেজব,
তবহুঁ বেশ বিশেষ বিভূষণ
সবহুঁ ভাওব রে ॥
আলিরি, ত্রিপথ গামিনীতীর পিউ যব,
অচিরে আওব শুনত পাওব,
অলস তেজি কুচকলস-জোর
আগোরি সাজব রে ।
তবহিঁ হিয়মাহ হার পহিরব,
বেণী-ফণী মণিমালে বিরচব,
চলব জলছলে কলস লেই সব-
কলেশ ভাজব রে ॥
আলিরি, নদীয়াপুর জয়তুর বাওব,
হৃদয়-তিমির সুদূর ধাওব,
ভকত-নখতর-মাঝ যব দ্বিজরাজ
রাজব রে ।
গৌর-আঁগ যব আঁগন আওব,
ঘুঁঘুট দেই তব নিকট যাওব,
দিঠি-জলছলে কলধৌত-পগ
করি ধৌত মাজব রে ॥
আলিরি, রঙন শয়নক ভঙন পৈঠব,
পীঠ দেই হসি পালটি বৈঠব,
কছু বিরস ভৈ কছু সরস দৈ
দশ দোষে দোখব রে ।

পীনকুচ করকমলে পরশব,
খীন তনু মঝু পুলকে পুরব,
ভাখি নহি নহি আঁখি মুদি
রস রাখি রোখব রে ॥

আলিরি, বাহু গহি তব নাহ সাধব,
সময় বুঝি হাম সব সমাধব,
সুধই সুধাময় অধর পিবি পিউ
পুন পিয়াওব রে ।

মীনকেতন সমরে চেতন-
হীন হোয়ব নিশি নিকেতন,
অবিরোধ বিন অনরোধ পিউ
পরবোধ পাওব রে ॥

আলিরি, মিটব কি হিয়-বিষাদ ছলছল,
নয়নে পহুঁ যব তবহিঁ কলকল,
নাদ সুখদসম্বাদ এক ধনি
ধাই লাওল রে ।

নাহ আওল এতনি ভাখণ,
মৃত সঁজীবন শ্রবণে পিবি পুন,
জগত ভণ জনু জীবন-মৃত তনু
জীবন পাওল রে ॥

## শ্রীকৃষ্ণের রূপবর্ণন।

( ৪ )

নবীন নীরদ, নীল নীরজ
নীলমণি যিনি অঙ্গ।
যুবতি চেতন চোর চূড়হিঁ
মোরপিঞ্ছ বিভঙ্গ॥
জয়তি গোকুল, গ্রামে শ্যামর-
নাম নবযুবরাজ।
চপল বনফুল, দাম কামক,
ধাম জানু বিরাজ॥
খীণ কটিতটে, চীনভব অতি
পীন পীতিম বাস।
বদনে বিলসিত ইন্দু বিকশিত-
কুন্দ নিন্দুক হাস॥
নিন্দি সিন্দুর অধর সুন্দরে
বেণু বাওই মন্দ।
জগতআনন্দ হৃদয়ে বিহরতু
মূরতি ঐছন ছন্দ॥

( ৫ )

ইন্দীবর বর-গরভ-গরব-হর
রুচির কলেবর-কাঁতি।
চাঁচর চিকুর চূড়পরি চঞ্চল
মোরশিখণ্ডক পাঁতি॥

জয় জয় জয় বৃন্দাবন চন্দ।
কুলবতী-তৃষিত-নয়ন মধুপাবলী-
চুম্বিত মুখ অরবিন্দ ॥
উছলিত অলিক সঝম্পিত চুম্বনে
কম্পই লম্বিত মাল।
অধর সুধাকণ-মিলিত সমীরণে
বাওই বেণু রসাল ॥
ভাবিনী সরম ভরম জয়-ভঞ্জন-
ভূষণে ভরু সব অঙ্গ।
জগদানন্দ চিতে নিতি নিতি বিহরতু
ঐছন ললিত ত্রিভঙ্গ ॥

( ৬ )

করুণা বরুণ নয়ন অরুণারুণ
তনু জনু তরুণ তমাল।
মারুত-মিলিত চলিত অলকাবলী
কবলিত সুললিত ভাল ॥
জয় জয় নটবর নাগর কান।
যুবতিক হৃদয় পয়োনিধি উথলই
হেরইতে চান্দ বয়ান ॥
চৌদিশে চঙকি চঙকি করু চুম্বন
চঞ্চরি-চয় বনমাল।
পীতবসন ছলে কেলি করত খীণ-
কটিতটে বিজুরি রসাল ॥

যাহে হেরি হরিণী-নয়নী হরু চেতন
হুঁকরি তেজই নিশাস।
জগদানন্দ মূঢ় মুরুখ তছুগুণ
বরণিতে করতহিঁ আশ॥

---

## শ্রীকৃষ্ণের যমুনাতীর বিহার।

(৭)

মৌলি মিলিত শিখিশিখণ্ড,
চলকুণ্ডল ললিত গণ্ড,
জলধর জনু জগমগ তনু
জগজন মনুহারী।
মদন-সদন বদন ইন্দু,
নিরখি যুবতি-হৃদয়-সিন্ধু,
ছল ছল দিঠি জল ছলে কিএ
উছলি পড়ত বারি॥
খঞ্জন-গতি-গরব-ভঞ্জ
অঞ্জন যুত নয়ন কঞ্জ
অবিচল-কুল- কুল-যুবতিক
কুল টলমলকারী।
হেরি অপরূপ রূপ কূপ
নিরুপম রস রসিক-ভূপ
কো হেন ধনি ধুরব ধিরজ
ধরিতি ধরিএ পারি॥

মন্দ মন্দ বহু স.মীর
তপন-তনয়া-তটিনী-তীর
গজপতি জিতি সুললিত অতি
গতি চলু গিরিধারী।
কেশরী জিনি ক্ষীণ মাঝ
পীন পীত বসন সাজ
পদযুগে শশী খসি পড়ি পশি
রহু দশরূপ ধারী॥
সুরপুর-বধূ পড়ল ধন্দ
সঘন খলত নীবি নিবন্ধ
মনমথ মন- মথন মূরতি
নিরখি বদন কারী।
যাক লখিমী করত আশ
জগদানন্দ নবীন দাস
রাতুল থল- জলরুহ দল
পদতল বলিহারি॥

---

## শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ।

(৮)

আজু পেখলুঁ জলজলোচনী
চমকি চৌদিশে চায়।
জাদ লম্বিত বেণী-ফণি ভুজ
বেঢ়ি কটি নটকায়।

সিংহ জিনি খীণি মাঝে কিঙ্কিণী
রণিত নূপুর পায়।
গমন যৌবন গরবে মন্থর
গজহুঁ গতি চলি যায়॥
বিহসি অঞ্চলে রোপ গোপই
আধ কুচ দরশায়।
থোরি বয় সখে! গোরী মঝুমন
চোরি রাখল ছাপায়॥
শ্রবণ বচনহিঁ, বদন অধরহিঁ,
দশন নয়ন ভুলায়।
নাসা সৌরভে আশ মাতল
পরশ-রস তনু চায়॥
কুটিল দিঠিশর মরমে পৈঠল,
করব কোন উপায়।
যুবতি-রতন কি সুজনে মীলব
জগত-আনন্দে গায়॥

( ৯ )

আজু এক অপ- রূপ রূপক
ভূপ দরশন ভেল।
জনু, মেলি জলধর ধরণী উপর
সৌদামিনী করু কেল॥
কোন অছু পুন বদন নিরমিল
নয়ন-চেতন-চোর।
জনু, বিকচ-কাঞ্চন-কমলে বিলসই
চপল খঞ্জন জোর॥

চারু ভুরু অরু মাঝে সিন্দুর-
রেখ ঐছে বনান।
জনু, রসিক-জন-মন বধিতে কাম-
কামান বাণ সন্ধান॥
কি কব উচকুচ জোর চূচুক
জগত-আনন্দ ভাষ।
জনু, বঞ্চিত বিধি কর হেম-কমলিনী
শিখরে মধুপ নিবাস॥

---

## শ্রীরাধার অভিসার।

( ১০ )

মঞ্জু বিকচ কুসুম পুঞ্জ
মধুপ শবদ গুঞ্জ গুঞ্জ
কুঞ্জরগতি গঞ্জি গমন মঞ্জুল কুলনারী।
ঘন গঞ্জন চিকুর পুঞ্জ,
মালতী-ফুল-মালে রঞ্জ
অঞ্জনযুত কঞ্জ নয়নী খঞ্জনগতি হারী॥
কাঞ্চনরুচি রুচির অঙ্গ,
অঙ্গে অঙ্গে ভরু অনঙ্গ,
কিঙ্কিণী কর কঙ্কণ মৃদু ঝঙ্কৃত মনুহারী।
নাচত যুগ ভ্রূ-ভুজঙ্গ,
কালি-দমন-দমন রঙ্গ
সঙ্গিনী সব রঙ্গে পহিরে রঙ্গিল নীল সাড়ি॥

দশন কুন্দ-কুসুম ন্দু,
বদন জিতল শরদ ইন্দু,
বিন্দু বিন্দু ছরম ঘরমে প্রেমসিন্ধু প্যারী।
ললিতাধরে মিলিত হাস,
দেহ-দীপতি তিমির নাশ,
নিরখি রূপ রসিকভূপ ভুলল গিরিধারী।
অমরাবতী-যুবতি বৃন্দ,
হেরি হেরি পড়ল ধন্দ,
মন্দ মন্দ হসনা নন্দ-নন্দন-সুখকারী।
মণি-মাণিক নথ বিরাজ,
কনক নূপুর মধুর বাজ,
জগদানন্দ থল-জলরুহ-চরণক বলিহারি ॥

---

## শ্রীরাধার বর্ষাভিসার।

( ১১ )

অবিরত বাদর বরিখত দর দর
বহই তরলতর বাত।
বিষধর-নিকর ভরল পথ, অরু কত
অজর-বজর বিনিপাত।
হরি হরি কৈছে চলব কুহু রাতি।
নাবুঝত কণ্টক- সঙ্কট বাটহি
মার গোঙারবর রাতি ॥

যো পদ শরদ কোকনদ দলহিঁ
ধূলি পরশে সীতকার।
উচ নীচ কিচ বীচ অব সো পদ
কৈছনে করব সঞ্চার॥
চলইতে চঙকি নগর পুরবাহির
গুরু দুরুজন দুরবার।
গতি অতি গোপত, বেকত ভয়ে ভাবিত
জগদানন্দ নাচার॥

——

মিলন।

(১২)

হের না সখি হোর কি দেখি,
কি এ অদভুত কভু না পেখি,
অম্বর খসি গিরল আসি
কি এ মহীতল পাতিয়া।
ধরণীতলে জলদ খেলে,
উপরে তড়িত-জড়িত ভালে,
ঘনের কাছে ময়ুর নাচে
অরুণ তাকর সাথিয়া॥
কে বুঝে রঙ্গ না হয় ভঙ্গ,
শশি-সরোরুহ একই সঙ্গ,
চকোর অলি, করত কেলি,
অমিয়া মধুতে মাতিয়া।

পবন অতি অথির মতি,

হইয়া বহিছে প্রখর গতি,

প্রলয় কালে জলধি জলে

যেন যুগ নাশে ছাপিয়া ॥

খণ্ডিল দুখ নহে বিমুখ,

আকাশে পাতালে সমান সুখ,

কিবা সে শোভা, সুরঙ্গ আভা,

বিহরে তিমির চাপিয়া।

রাধিকা শ্যাম করে বিরাম,

কোন সখী করে সেবন-কাম,

রমণীমণি লাজে অমনি

নিরীখে বদন ঝাঁপিয়া ॥

আনন্দ দাস কহত ভাষ

ব্রজজাল ভাল করত হাস

এযে, বিষম কথা কহিতে ব্যথা

মহী টলমল কাঁপিয়া ॥

---

## মানিনী রাধিকাপ্রতি সখীবাক্য।

( ১৩ )

তুয়া বিনা আন স্বপনে নাহি জানত

তুহুঁ যছু কণ্ঠক মালা।

সো রস-গুণ নিধি তাক জীবন বধি

কি সিধি সাধলি বালা ॥

মানিনি কি তুয়া হৃদয় কঠোর।
সো হেন পুরুষবর উপেখিতে অন্তর
দরবিত না ভেল তোর॥
কত নব যুবতী স্বমূরতি রসবতী
ইতি উতি পড়ু নিতি পায়।
বিনি অপরাধে দোখ বিহু রোখসি
এ দুখ কহব মু কায়॥
রসবতী মাঝে কবহু নাহি বৈঠসি
না বুঝলি পীরিতি রীত।
জগদানন্দ তোহে কত সমুঝায়ব
মাথে শপতি দেই নিত॥

---

## মানের মিলন।

( ১৪ )

নিজ অপরাধ মানি যব মাধব
কোরে আগোরল ধাব।
সরস বিরসময়ী ইঙ্গিতে রসবতী
অসমতি সমৃতি বুঝাব॥
দেখ সখি রাই কি করব নৈরাশে।
মান জলদ সঞে নিকশয়ে মুখশশী
কানুক দীঘ নিশাসে॥
কনয়াচল রুচ উচকুচ চুচুকে
সরসহিঁ পরশহিঁ নাহ।

মানক লেশ শেষ রস সূচক
আধ মুদিত দিঠি চাহ ॥
অধর সুধারস পিবইতে যব ধনি
বঙ্কিম করু মুখ আধা ।
জগদানন্দ ভণ, তবহুঁ সফল করু
হরিমন-মনসিজ বাধা ॥

---

## কুঞ্জভঙ্গ ।

( ১৫ )

উদিতারুণ হসিত নলিন,
মুদিত কুমুদ চাঁদ মলিন,
হত-সায়ক, দুখ দায়ক,
রতি-নায়ক ভাগে ।
সুতল থলজলরুহ দল,
তড়িত জড়িত জলধর তুল,
মুখ ঝামর ধনি শ্যামর
নিশি প্রাতর ভাগে ॥
বিগত বসন ভূষণ সাজ,
অচেতনে রহু নিলজ রাজ,
গিরিধারিম বহু গারিম
রহু কারিম দাগে ।
বদন জিতল শরদ ইন্দু,
ছরম ঘরম বিন্দু বিন্দু,

নিশি জাগরি রসসাগরি
বরনাগরি আগে ॥
ফুকরত শুকসারিক বহু,
কোকিলকুল কুহরই মুহু,
দেখ ভাবিনি, গজ গামিনী
নহি কামিনী জাগে।
কহ সহচরি শ্রবণ ওর
পরিহর ধনি হরিক কোর
কি এ দোষব তব তোষব
যব রোষব রাগে ॥
কি হেরসি হসি শয়ন-রঙ্গ,
বর নিরমল কুলকলঙ্ক,
যশধামিনী, রুচিদামিনী,
কুলকামিনী লাগে।
সাজি কবরি ভূষণ বাস
জগদানন্দ নবিন দাস
কুরু চেতন, সুনিকেতন,
চলু বেতন মাগে ॥

( ১৬ )

অকরুণ পুন বাল-অরুণ,
উদিত মুদিত কুমুদ বদন,
চমকি চুম্বি চঞ্চরি পদু-
মিনিক সদন সাজে।

কি কহব সজনি রজনি ভোর,
ঘু ঘু ঘন ঘোষত ঘোর,
গত যামিনি, জিত দামিনী,
কামিনি কুল লাজে ॥
ফুকরত হত-শোক কোক
অব জাগব সবহুঁ লোক
শুকসারিক, পিক কাকলি
নিধুবন ভরু আজে।
গলিত ললিত বসন সাজ
মণিযুত বেণি-ফণি বিরাজ
উচ কোরক, রুচ চোরক,
কুচ জোরক মাঝে ॥
তড়িত জড়িত জলদ ভাঁতি
দুহুঁ সুতি সুখে রহল মাতি
জিনি ভাদর রস বাদর
পরমাদর শেজে।
বরজ কুলজ জলজ নয়নি
ঘুমল বিমল কমল বয়নি
রতি লালিস ভুজ বালিশ
আলিশ মাহি তেজে ॥
টুটল কিএ ঘুণ ধনু গুণ
কিএ রতি রণে ভেল তুণ শুন
সমর মাঝ পড়ল লাজ
রতিপতি ভএ ভাজে।

"বিপতি পড়ল যুবতী বৃন্দ
গুরুগণ গতি কহই মন্দ
জগদানন্দ সরস বিরস
রসবতী রসরাজে ॥

---

## শুক সারিকা দ্বন্দ্ব।

( ১৭ )

রাধে জয় জয় বলিএ সারী
নিধুবন ভরি গাজে।
নীল ওঢ়নি মুকুট টালনি,
রাকা শশধর বদন জিনি,
চরণ নূপুর, মধুর মধুর,
রুনু ঝুনু ঝুনু বাজে ॥
সারি বলে শুক তোমারে কই,
রূপেতে কিশোরী হইল জই,
কানু মনোহরা, রাধিকা মুরতি,
পরাভব নটরাজে।
আবীর কুঙ্কুম পাশা জলকেলি,
সে সব সমরে তব বনমালী,
জিনিবারে নারে, রাই পদ ধরি,
হারিয়াছে সখী মাঝে ॥
আমাদের কিশোরী, রাজার কুমারী,
সব সখীগণ পূজে।

তোমার নাগর, রাখাল খেয়াতি,
সদা থাকে গোঠ মাঝে ॥
মৃগ পক্ষ আদি যত বৃক্ষলতা,
নিজ রূপ সম করিল রাধা,
তোমার নাগর, হইল গৌর,
লুকাওল সখী মাঝে।
যেই দিন রাধা করিল মান,
দাসখত লিখি দিয়াছে শ্যাম,
তার সাক্ষী আছে, শুনহে শুক,
নিশি শেষে পিক আজে ॥
শুক কহে সারি কি কর দ্বন্দ্ব,
দোঁহে সমগুণে কে বলে মন্দ,
জগদানন্দ, পরমানন্দ,
রসবতী রসরাজে ॥

---

## বাহ্যচিত্র গীত।

( ১৮ )

কিতব কেশব, কুশল কি কহব,
কনক মঞ্জরী রহি।
কি জনি কতিখনে, কব কি হোঅব,
কহিতে আওলুঁ ধাই ॥
কুসুম-কার্ম্মুক, কোপে কাতর,
কেলি কুঞ্জে লোটায়।

কুলক কামিনী, কি কহু কান্দই,
কুজন-কুবচন-দায় ॥
কান্ত-কাহিনী, কহিতে কান্দই,
কনক মঞ্জরী সোয় ।
কুলজ কামিনী, কুপথ গামিনী,
কঅলি কি ফল তোয় ॥
কঞ্জ নয়নীক, কণ্ঠে কেবল,
কেলি করত-পরাণ ।
কোরে করইতে, কাঁপে কলেবর,
জগত আনন্দ ভাণ ॥

---

( ১৯ )

খেম কি কহব খল-খগেশ্বর
খোয়লি এত দিনে রাই ।
খীণ খঞ্জন- নয়নী খণে খণে
খণিক নিরখহ যাই ॥
খলিত দিঠিজলে খৌম ভীগল
খোভ কোন মিটাবই ।
খসল কুন্তল খৌনী বিলুঠই
খীর নীর না খাবই ॥
খোলি খাপসেঁ খরগ খরতর
মদন মারত ধাবই ।
খসএে খিণ শশী খসি কি খিতি পড়ি
রাহুভয়ে গড়ি যাবই ॥

খেদ কি কহব খিপত সমগতি
খনহিঁ খল খল হাসই।
খণ্ডকপালিয়া খণ্ড বাসিয়া
জগত আনন্দ ভাষই॥

---

( ২০ )

গরব আঁধল গরবিণী গণ
গাঁথি গলে তুহুঁ নেলি।
গোপ গেহিনী গণক গৌরব
গান সহজহিঁ গেলি॥
গ্রাম গোকুল গোপ গৃহ সঞে
গোপ নাগরী ধায়।
গিরি গোবর্দ্ধন- গহন-গহ্বর-
গেহ গরভে লোটায়॥
গুরুক গঞ্জন গভীর গরজন
গারি ভয় নাহি মান।
গৌরীগণ সঞে গোপিনী মনে
গরল গরসব কাহ্ন॥
গরিম গুণ গণে গজহুঁ গামিনী
গর গর স্বরে রোয়।
গহন গৃহ, গৃহ গহন ভেল কহ
জগত আনন্দ তোয়॥

---

( ২১ )

ঘোষ নন্দিনী ঘেরি ঘাতক
মদন নিরদয় শূর।
ঘাঁচি ধনু গুণ ঘষিল খরশর
ঘাতে মানস পুর॥
ঘর ঘর স্বরে ঘুমি ভুমি পড়ি
ঘষই মুখশশী রাই।
ঘটল তুয়া ঘটে ঘোর যশ ঘন-
শ্যাম নিরখহ যাই॥
ঘেরি সহচরী ঘষিল চন্দন
ঘুসৃণ ঘন ঘনসার।
ঘোলি ঘন রসে ঘটন করি ঘটে
ঢারু কত অনিবার॥
ঘড়িকে অপঘন, ঘামে ঘন ঘন
শ্বাস ঘুরত না মন্দ।
ঘোষ পুরে যশ- ঘন্টিকা তব
শুনল জগদানন্দ॥

---

## শ্রীরাধার আক্ষেপ।

( ২২ )

সজনি গো, কেন গেলাম যমুনার জলে।
নন্দের দুলাল চাঁদ, পাতিয়া রূপের ফাঁদ,
ব্যাধছলে কদম্বের তলে॥

দিয়া হাস্য সুধা চার, অঙ্গ ছটা আটা তার,
আঁখি পাখি তাহাতে পড়িল।
মনমৃগী সেই কালে, পড়িল রূপের জালে,
শুধু দেহ-পিঞ্জর রহিল ॥
গর্ব্বশালে মত্ত হাতি, বান্ধা ছিল দিবা রাতি,
ক্ষিপ্ত হৈল কটাক্ষ অঙ্কুশে।
দম্ভের শিকল কাটি, চারিদিকে গেল ছুটি,
পলাইয়ে গেল কোন্ দেশে ॥
লজ্জা শীল হেমাগার, গুরুগৌরব সিংহদ্বার,
ধরম কপাট ছিল তায়।
বংশীরব বজ্রাঘাতে, পড়ি গেল অকস্মাতে,
সমভূমি করিল আমায় ॥
কালিয় ত্রিভঙ্গ বাণে, কুল মান কৈল খানে,
ঘুচিল উঠিল ব্রজবাস।
প্রাণ শেষে আছে বাকি, তাহা বুঝি যায় দেখি
ভণয়ে জগদানন্দ দাস ॥

নর হ রি নাম অন্ত রে অছু ভাবহ হ রে ভব সাগ রে পার।<br>
ধর রে শ্রবণে নর হ রি নাম সাদ রে চিন্তামণি উ হ সার॥<br>
যদি কৃ ত পাপী আদ রে কভু মন্ত্রক রা জ শ্রবণে ক রে পান।<br>
শ্রীকৃ ষ্ণ চৈতন্য বল্যে হ র তছু দুর্গ ম পাপ তাপ স হ ত্রাণ॥<br>
কর্ হ গৌর গুরু বৈ ষ্ণ ব আশ্রয় ল হ নরহরি না ম হার।<br>
সংসা রে নাম লই সু কৃ তি হইয়া ত রে আপামর দু রা চার॥<br>
ইথে কৃ ত বিষয় তৃ ষ্ণ পহুঁ নাম হা রা যো ধারণে শ্র ম তার।<br>
কু তৃ ষ্ণ জগদানন্দ কৃ ত কল্মষ কু ম তি রহল কা রা গার॥

ন বীন মি লনে ত সুখ খি তুহুঁ স পতি অ নেক কেলি ।
র সিক আ শয়ে ন গলি ধ রম মা নিনী গা রিমা গেলি ॥
হ সিত ব দনে ম ঞ্জাল্যে ল লনা প র ব ন্দ কত করি ।
রি তি অ লি সম ন কর গ মন ন ন্দের ন ন্দন হরি ॥
প্র ণত ব নিতা এ সব যু বতী তু লনা আ সিবে কিসে ।
ভু লাঞ্জা র মণী ক মল ন য়নী আ শা হ ত কল্যে শেষে ॥
ভু ষিয়া আ দরে ক ত প র কারে পা সর গ রব অন্ধ ।
মি নতি কি কর রি তি না চ লহ অ সুখী জ গদানন্দ ॥

[ ৪৯ ]

# পরিশিষ্ট।

## শ্রীজগদানন্দের অসম্পূর্ণ গ্রন্থ ও পদাবলী।

### ভাষাশব্দার্ণব।

কংস-কুঞ্জর-কেশরী কর-কুম্ভ করজে বিদার।

করভকর ভুজ- কোরে কুলবতি

করব কেলি বিহার॥

কেলি কলহক কহব কাহিনি

কুলজ কামিনি কন্ত।

কি রস কুবুধিনি কুরূপ কুবুদ্ধিনি

কোরে কহরি একন্ত॥

কসিল কাঞ্চন কাঁতি কামিনি

কুচহিঁ কাঁচুলি কেলি।

কাল কালিয় কৃষ্ণ ভুজে কভু

কহ কি কবলিত ভেলি॥

কুসুম কাননে কুহলে কোকিল

কুকুহু কুহুঁ কুহু বোল।

কেলি কৌতুক কুমুদ বান্ধব

করত কুমুদিনি কোর॥

কিরণে কু কল- স্কাঙ্ক কবলিত

কমল কালিম রাত্রি।

কুটিল কুবচন করাতে কাটত
কামিনী কুল ছাতি ॥
কি জানি কতিখণে কব কি হোঅব
কেবল কুশ তনু কারি।
কনক কেয়ুর করক কঙ্কণ
কটিক কিঙ্কিণি ডারি ॥
কুলক কামিনি কুপথ গামিনি
কয়লি কেশব তোয়।
কঠিন কুটিলাক কাদেই কি কহব,
করুণ করি কত রোয় ॥
কাঁচ কাঞ্চন কাঁতি কেবল
কজ্জর কালিম ভাঁতি।
কাঠকি কঠিন কুজন কুবচন
কুকুলে জারল ছাতি ॥
কি ভেল কেতকি কুসুম করকস
কুটিরে কাম বিলাস।
কমল কোমল কঞ্জ কিশলয়
কোকনদক বিকাশ ॥
কেশ কুঞ্চিত কুটিল কুন্তল
কবরি কচ গড়ি যায়।
কেশরী কটি কম্বু কন্দর
কনক কেতকি কায় ॥
কমল কাননে কলপ লতিকা
কাম কেলি কুটীর।

কাহ্নু কোরহি কেলি কৌতুক
করত কৌতুক কীর ॥
কাম কৌশলে করু কলাবতী
কুপিত কঞ্জ নয়ান ।
কি ভয় কহইতে কাহ্নু করে কুরু
কর্পূরে কর্পুরিত পান ॥
কহলি কেলি- কদম্ব কাননে
কি কথা করল রসাল ।
কুচ-কলসে কর দেই কালি কি কহলি
কুলিশ হৃদয় গোপাল ॥
কটিক কাছনি কাঁতি কিল কল-
ধৌত কামক ধাম ।
কলি কাল কালিয়- কম্প কাতর
কয়ল কিএ তুয়া নাম ॥
করুণ করুণা করহ কাতরে
কুশল কৈছনে মোর ।
কমল আসন কপালে কি লিখল
কি জানি কব কিএ হোয় ॥
কয়লুঁ কু জনমে কলুস কিলবিষ
কতএ কলমশ ভার ।
কমঠ পীঠ কঠোর কলেবর
কঠিন হৃদয় হামার ॥
কয়লি কাতিকে কেলি কৌতুক
করণে কবহিঁ না কেলি ।

কুদিন নাগল কাল কাটলুঁ
কুপথে কুজনম গেলি ॥
করহ কবিকুল কণ্ঠে কবিতা
করিতে মন যদি ধায় ।
কৃষ্ণ-কৌশল কাব্য করইতে
জগত আনন্দ গায় ॥

ইতি শ্রীমন্নহরিচরণাশ্রিতেন কেনচিদ্বিরচিতে
ভাষাশব্দার্ণবে কাদিদিগ্দর্শনো নাম
প্রথমঃ কল্লোলঃ ।

---

খল খগেশ্বর খোয়লি এত দিনে
খঞ্জনলোচনি রাই ।
খীন খঞ্জন নয়নি খনে খনে
খনিক নিরখহ যাই ॥
খোলি কি কহব খপুর কপুরিত
খদির তাম্বু না খাবই ॥
খ-সঞে খিতি ভেল, খীন খপাকর
খসি কি পড়ি গড়ি যাবই ॥
খিতি লেখি খত দেই খাতক হোয়ব
খণ্ডিতা না হোয়ব আর ।
খেদ খবর কি কহব খলবর
খোভ খণ্ডহ তার ॥

খর ধার খঞ্জর    খরগ খরতর
ঝাকি মদন দেখাবই।
খোলি খাপসে    খরগ খণ্ডা
খীনে খন দরসাবই॥
খনহিঁ খিতি তলে    খলই দিঠিজল
খনহিঁ খন মুরছান।
খণ্ড কপুরিত    খীর ন খাবই
খীন খোয়ব পরাণ॥
খমক খঞ্জরি    খোল করতালি
লেই খিতিতল মাহ।
খেলন ছলে তুহুঁ    খনিকে খণ্ডিলে
খোড় খঞ্জক দাহ॥
খুব্ধ কামিনি    খেদ কি কহব
খেলত খল সখি মেলি।
খল কি অখলক    খেদ সমুঝবি
খীর নির এক ভেলি॥
খিয়ল নখ খিতি    লেখি খিনতনু
খোয়ল খীন পরাণ।
খসএ খসি খসি    খিতি কি পড়ু শশি
খপব খীন পরাণ॥
খনহিঁ কান্দই    খনহিঁ বিলপই
খনহিঁ খিতি গড়ি যায়।
খসল কুন্তল    খনহিঁ বান্ধই
খনহিঁ ইতি উতি চায়॥

খেমহ সব অপ- রাধ খলমতি
কহিতে খল খল হাস।
খিশু সমগতি খতে কি লৈখব
খিপল সম সব ভাস॥
খোভ মীটব খেদ কর চিতে
সকল কবিকুল চন্দ।
খণ্ডবাসিয়া খণ্ডকপালিয়া
কহল জগদানন্দ॥

ইতি শ্রীমন্নরহরিচরণাশ্রিতেন কেনচিদ্বিরচিতে
ভাষাশব্দার্ণবে খাদিদিগ্দর্শনোনাম
দ্বিতীয়ঃ কল্লোলঃ॥

---

গঙ্গা গরভ গভীর গহ্বরে
গদাই গৌর বিরাজ।
গৌরগণ মেলি গৌর গুণ গণ
গড়ল গান সমাজ॥
গমক গোণ্ডগিরি গৌরি গুজ্জরি
গঞ্জলে গাওয়ে গান্ধার।
গোপিগুণ গণ গরলে গরাসল
গঙ্গে যমুনা আচার॥
গৌর গুণমণি গোপি গোপিনি
গান্ধর্ব্বা গুণ গাবই।

গিরি গোবর্দ্ধন গভির গুহাগত
গহনে পড়ি গড়ি যাবই ॥
গো গোপ গোপিনি গুণ গণীগণি
গহনে গৃহে গৃহে কান্দই ।
গুরুক গরজন গভির গঞ্জন
গারি কিছুই না মানই ॥
গোপিকা সুত গোপ নন্দন
গোপিনাথ গোপাল ।
গোপিনী সঞে গজেন্দ্র গামিনি
গোপনে গাএ রসাল ॥
গরব আকুল গোপ গৃহে গৃহে
গোপি গুপত বিলাপই ।
গজহুঁ গামিনি গর গর স্বরে
গরল গরসি লোটাবই ॥
গোপ গৃহে গৃহে গোপি লম্পট
গুপত গোরস পান ।
গোকুলেশ্বর গোপ গেহিনি
গরভ করহ খেয়ান ॥
গগন সঞে গ্রহ পতিক গতি হেরি
গাবি গোকুলে ধাবই ।
গিরিক গহ্বর গহনে গিরিধর
গৌরি গান শুনাবই ॥
গোপি গুরুজন গভির গঞ্জন
গণনে গণত না আবই ।

গহন গৃহ গৃহ গহণ গণি গৃহ
তেজি গোপিনি ধাবই ॥
গোপিনাথ গোবিন্দ গজগতি
গামি গোকুল আবই ।
গিরিজা গিরিশ গণেশ.গণ সঞে
গগণে গুণগণ গাবই ॥
গন্ধ কুসুমক গন্ধ লই বহ
গন্ধবাহ সুধীর ।
গরজে গুরুগণ গুরু ঘন জনু
গগনে গরজে গভীর ॥
গমন মন্থর গুরু নিতম্বিনি
গ্রাম গোকুলে নিবসই ।
গেহে গৃহপতি গন্ধ-গাতক
গন্ধবাহ না পরসই ॥
গোপিগণ সঞে গোপিনী মণি
গণএ তুয়া গুণ গাম ।
গরবিনী সঞে গরব আন্ধল
গণি কি গোকুল নাম ॥

---

## অসম্পূর্ণ পদাবলী ।

সখি, হেম নিরমিত হার হিয়মাহ
ধয়লুঁ যৈথনে তোর ।
নিরখি তবসঞে সকল তনু ঘন-
পুলক-মুকুল আগোর ॥

দ্বিজরাজ মুখ দ্বিজরাজ ।
বুঝলুঁ নিরখলি সুরত রঙ্গিণি
সুর তরঙ্গিণী মাঝ ॥
কুল নারী অব দিঠি বারি কতএ
নিবারি রাখবি আর ।
অনুভাব সব নবভাব ভাবিনি
বেকত করত তোহার ॥
গৌর কিশোর ভোর নটনাবেশে
কতশত ভকত আগোর ।

---

অথ শ্রীকৃষ্ণস্য রূপং ধানশ্রীঃ ।

কৃষ্ণ কেশব কেশি কর্ষক
করুণ-কৃপণ কৃপাল ।
কর্ণে কাঞ্চন- কলিত কুণ্ডল
কণ্ঠে কৌস্তুভ মাল ॥
কোটি কুলজ- কান্ত কামদ
কুটিল কুন্তল ভার ।
কমল কুসুম- কান্তি-কুল কৃত-
কোটি কাম বিকার ॥
হেরইতে হরিণনয়নী-হিয় হরখিত
তেজি ভবন-বন আবই রে ।
মরকত মুদির মুরতি মধুসূদন
মনমথ মন মুরছাবই রে ॥
শুনইতে মদন-মহোদধি আকুল
কুলবতী কুল নাহি পাবই রে ।

---

নওল বঞ্জুল কুঞ্জে জলধর-
পুঞ্জ মুরতি উজোর।
দলিত অঞ্জনে কয়ল রঞ্জন
নয়ন-খঞ্জন জোর॥
চরণে রঞ্জিত রতন মঞ্জীর
মধুর সিঞ্জিত রাব।

---

নবীন নীরদ নীল নীরজ
নীলমণি জিনি কাঁতি।
কুটিল কুন্তল করবি-বিলসিত
মোর পিঞ্ছক পাঁতি॥
জয় নন্দ-নন্দন রাজ।
ললিত মোতিম- দাম কামক
ধাম উর পর সাজ॥

---

ব্রজ কুলজ কামিনী জিতল তনু দামিনী
মধুসূদন- বিধুবদন
মধুসূদন লোভা।
বর শরদ যামিনী বিহরে গজগামিনী
উরু জিতল গুরু কদল-
তরু যুগল শোভা।
চলল গজ গামিনী মধুর মধু যামিনী
মীন দিঠি খীন কটি
চীন ধটি শোভা॥

মিলিত মধু ভাষিণী, ললিত মৃদু হাসিনী
কনক রুচ ললিত উচ
যুগল কুচ ভাগে।
বলিত মণি-কিঙ্কিনী মদন-মন মোহিনী
* * * *
মুরলি খুরলি ছলে গভীর কি গরজই
শুনইতে চিত উনমাদ।
জলধর তনু ধরি উয়ল ধরণি তলে
কুলবতী গণন বিষাদ॥
চতুর চেতন চোর চৈতক চারু চাঁদনি রাতি।
চকিত লোচনি চাঁদ চাহিতে চমকি উঠি মুরছাতি॥

---

## স্বপ্ন-বিলাস।

নিধুবনে দুঁহু জনে চৌদিকে সখীগণে,
শুতিয়াছে রসের আলসে।
নিশি শেষে রস মুখী, উঠিলেন স্বপ্ন দেখি,
কাঁদি কাঁদি কহেন বঁধু পাশে॥
উঠ উঠ প্রাণ নাথ, কি দেখিলাম অকস্মাৎ,
এক যুব গৌরবরণ।
কিবা তার রূপ ঠাম, জিনি কত কোটি কাম,
রসরাজ রসের সদন॥
অশ্রু কম্প পুলকাদি, ভাব ভূষা নিরবধি,
নাচে গায় মহামত্ত হৈয়া।

অনুপম রূপ দেখি, জুড়াইল মোর আঁখি
মন ধায় তাঁহারে দেখিয়া ॥
নবজলধর রূপ, রসময় রস কূপ
ইহা বই না দেখি নয়নে।
তবে কেন বিপরীত, হেন হৈল আচম্বিত,
কহ নাথ ইহার কারণে ॥
চতুর্ভুজ আদি কত, বনের দেবতা যত,
দেখিয়াছি এই বৃন্দাবনে।
তাহে তিরপিত মন, না হইল কদাচন,
এই, গৌরাঙ্গ হরিল মোর মনে ॥
এতেক কহিতে ধনি, মূর্চ্ছা প্রায় ভেল জানি,
বিদগধ রসিক-নাগর।
কোলেতে করিয়া বেড়ি, মুখ চুম্বে বেরি বেরি,
হেরিয়া জগদানন্দ ভোর ॥

---

দেখ দেখ গোরা চাঁদ নদীয়া নগরে।
গদাধর সঙ্গে রঙ্গে সদাই বিহরে ॥
বামে গদাধর দক্ষিণে নরহরি।
সুরধুনীতীরে দুহুঁ নাচে ফিরি ফিরি ॥
কিবা সে বিনোদ বেশ বিনোদ চাতুরি।
বিনোদ রূপের ছটা বিনোদ মাধুরী ॥
দেখিতে দেখিতে হিয়ার সাধ লাগে হেন।
নয়ান অঞ্জন করি সদা রাখি যেন ॥
কহয়ে জগদানন্দ গোরাপ্রেম কথা।
সোঙরিতে হৃদয় উথলি যায় তথা ॥

# দ্বিতীয় পরিশিষ্ট।

## শ্রীগৌরাঙ্গ-অবতার।

(১)

অগেয়ান-ধ্বান্ত দুরন্ত নিমগন
অখিল লোক নিহারি।
কোন বিহি নবদ্বীপ দেওল
উজোর দীপক জারি॥
সব দীগ দরশন ভেল।
কিরণে ঝল মল বাহির অন্তর
তিমির সব দূর গেল॥
কুপথ পরিহরি সাধু পন্থক
পথিক পরিচয় রঙ্গ।
নাম-হেমক দাম পহিরল
প্রেম মণি-খনি সঙ্গ॥
দুলহ সম্পদে দীন দুরগত
জগত ভরি পরিপূর।
জনম আন্ধল একলি রহু হাম
জগত বাহির দূর॥

(২)

পাপে পূরল পৃথিবী পরিসর
পেখি পরম দয়াল।
প্রেম-পয় পরিপূর্ণ পয়োনিধি
প্রকট পরগত-পাল॥

পহুঁ পতিতপাবন নাম।
পশুপ-প্রেয়স পিরীতি পর রস
প্রণয় পীযূষ-ধাম ॥
প্রণত পালক পদবী পালই
পূরব পরিকর মেলি।
প্রচুর পাতকী পাপ পরিহরি
পাদ পরণত কেলি ॥
পূজই পশুপতি পদ্ম-আসন
পাদ পঙ্কজ দ্বন্দ্ব।
পরপঞ্চ পথে পড়ি পেখি না পেখল
জগত আনন্দ অন্ধ ॥

---

(৩)

বলী কলিকাল কাল ভুজগাধিপ
বঙ্গে কঙ্গে কবল করল সব দেশ।
অহোনিশি বিষয়- বিষমবিষ-পরবশ
ন পরশ ভুজগ-দলন-রসলেশ ॥
জয় জয় সদয় হৃদয় অবতার।
হরগরু দেখি অবনিতলে অবতরু
হরইতে ভূরি ভুবন গুরু ভার ॥
দরশন দানে হরষিত দশ দিশ
নখ দংশন দাহ দূরে বিনিবার।
শীতল সনেহ মেহ সব বিতরল
উলসিত ভৈগেল অখিল সংসার ॥

ভু-ভরি ফুকরি ফুকরি সব পরিকর
করু হরিনাম মন্ত্র পরচার।
নিজ নিজ নিকেতনে সবে ভেল চেতন
অচেতন জগতে জগত দুরাচার ॥

---

## শ্রীগৌরাঙ্গের বাল্যলীলা।

( ৫ )

বিহরে গৌরহরি নদীয়া সমাজে।
চিকুর নিকর শির শিখর শিখণ্ডক
দরশন জুড়াইতে আজে ॥
অলপে অলপে পরিসর দিন দিন
হোত ন সহত বিয়াজে।
অভিনব কৃত কটি- তটহিঁ নীলিম ধটী
পীতিম কলপ পটী তাপর রাজে ॥
তাপর জগমন- শ্রবণ রসায়ন
কতশত কিঙ্কিণী বাজে।
গল-থল ধুকধুকি-সমেত চঞ্চল
মৃগমদ-তিলক ললাটক মাঝে ॥
বালক মেলি কেলি অবলোকত
বিসরল নগর লোক গৃহকাজে।
মঞ্জীর রঞ্জিত কঞ্জ চরণে গতি
ইতি উতি পেখি জগত মন গাজে ॥

## শ্রীগৌরাঙ্গের বিদ্যাশিক্ষা।

( ৫ )

দিন দিন অপরূপ শচীর কুমার।
ত্রিজগত তাত তাত -মাত আচরু
বালককাল উচিত ব্যবহার॥
লিখত ধরণীতল তদনু তালদল
কাদি আদি বরণাবলী আর।
জানল অলপ কলাপ আলাপনে
পঞ্চ-অবদে সব শবদবিচার॥
দরশনে অবগত অভিমত কতশত
জানি পঢ়ল অলঙ্কার।
গঙ্গাদাস-সঙ্গ পালি পিঙ্গল-
আদি পয়োধি অবধি ভই পার॥
বেদ বিভেদ খেদ করু পঢ়ি পঢ়ি
সকল নিগম-ফলসার।
পহিল বিচারে সঁপই যশ জগজন
দীগবিজয়ী জগত-জয়কার॥

---

## শ্রীগৌরাঙ্গের রূপ।

( ৬ )

শশধর-যশ ধরু নলিন মলিন করু
বয়ুন নয়ন দুহুঁ তোর।
তরুণ অরুণ জিনি রসন দশন মণি-
মোতিম জ্যোতি উজোর॥

চিত্তচোর গৌর তুহুঁ ভাল।
জীতলি শীতল কিরণে-হিরণ-মণি-
দলিত ললিত হরিতাল॥
পদ কর শরদরবিন্দ নিনিন্দহ
নখবর নখতর পাঁতি।
রসনা-রসায়ন রদন-ছদন হেরি
মোতিম রোহিত কাঁতি॥
শুকমুখ দ্বিরগতি ধরণী বরণি নহ
বিধিক অধিক নিরমাণ।
অতএ কতএ কুল যুবতী উমতি ভেল
জগত জগতে করু গান॥

---

( ৭ )

নিরখিতে ভরমে মরমে মঝু পৈঠল
যবসঞে গৌরকিশোর।
তবসঞে কোন কি করি কাঁহা আছিএ
অনুভবি নহ পুন ঠোর॥
কহল শপথ করি তোয়।
দ্বিজকুল-গৌরব গৌরক গৌরবে
চোর সদৃশ ভেল মোয়॥
বিসরিতে চাহি নহত পুন বিসরণ
স্মৃতি-পথ-গত মুখ-চন্দ্র।
করে ধরি কতএ যতন করি রাখব
অবিরত বিধি নিরবন্ধ॥

ধৈরজ আদি পহিলে দূর ভাজল
হেতু কি বুঝিএ না পারি।
জগদানন্দ সব অব সমুঝাওব
রহ দিন দুই তিন চারি॥

---

(৮)

শারদ ইন্দু কুন্দ নববন্ধুক
ইন্দীবর অরবিন্দ।
যাকর বদন রদন বিনি রদছদ
লোচন পদ-অরবিন্দ॥
দেখ শচীনন্দন সোই।
যছু গুণ-কেতন তনু হেরি চেতন-
হীন মীনকেতন হোই॥
হেরই যাকর কচ-রুচি বিগলিত
কুলবতী-হৃদয় দুকূল।
সো কিএ পামরী চামরী কামর
চামর সম তুল মূল॥
নিরখত নয়ন নহত পুন তিরপিত
অপরূপ রূপ অতিরূপ।
জগদানন্দ ভণই সতি ভাবিনি
গোরাসে চমক স্বরূপ॥

---

( ৯ )

সহজহি মধুর মধুরযুত মাধুরী
ত্রিভুবন-জন-মনোহারী।
জলজ কি স্থলজ চলাচল জগভরি
সবহুঁ বিমোহনকারী॥
মাইরি, অপরূপ গোরাতনু-কাঁতি।
নিরখি জগতে ধরু দামিনী কামিনী
চঞ্চলা চপলা খেয়াতি॥
হার কি ছলে কিএ তা'কর বিলসই
উরপরি জন্তে বিহারি।
গগনহিঁ ভগণ- রমণ নিজ পরিজন
গণি গণি অন্তর কারী॥
যাহা হেরি সুরপুর- নারী নয়নভরি
বারি ঝরত অনিবারি।
জগদানন্দ ভণ তাহা কি থিরজ ধর
দ্বিজবর-কুলক-কুমারী॥

---

## শ্রীরাধার গ্রীষ্মাভিসার।

( ১০ )

সাজলি বৃষভাণুনন্দিনী,
কুসুম শেজ বিলাস দায়িনী,
সরস রসভরে গমন মন্থর
অখিল মোহন বেশ রে।

নবীন রাগিণী নব বিলাসিনী
শ্যাম-মনমথ- মোহন কারিণী
কেশর কুঞ্জ- সমীপে সাজল
শ্যামচন্দ্র বিহারে রে ॥
শ্রীমুখ মণ্ডল করতহিঁ ঝলমল
গগন শশী কিএ ধরণী উয়ল
নয়ন ভঙ্গী কুরঙ্গ-মদ-হর
কবল কুবলয় রে ।
নব নিতম্বিনী নীল ধারিণী
নিরখি নিরুপম রূপ লাবণী
লাখ লখিমিনী লজ্জিত নববিধু
বদন হেরইতে রে ॥
নীল কঞ্চলে উরজ বেঢ়ল
যৈছে বিধুবর রাহু গরাসল
ভ্রমর গঞ্জন দলিত অঞ্জন
ভাঙ ভাঙনী রে ।
সীঁথহি সিন্দুর যৈছে দিনকর
গগন ছোড়ি পুন ভালে উয়ল
কামিনীজন থল- কমলে জল জনু
ঐছন শোভই রে ॥
চরণ-পঙ্কজ চঞ্চরিক হেরি
ধায়ল গুণ গুণু গুণুমু গুঞ্জরি
চিহ্ন চুম্বই চপল মধুকর
সঘনে চঞ্চু পসারি রে ।

সবহুঁ সখী গণে কহত সুবদনি
কতহুঁ দূরে হরি কহয়ে সজিনি
কবহু কেশব কুঞ্জ যাওব
নিরখি বদন সুন্দর রে ॥
রূপ-মঞ্জরী সাড়ী অঞ্চল
দেই মুছই বদন-শ্রম জল
রঙ্গ তুঙ্গ অনঙ্গ মঞ্জরী
চামর বীজই রে।
সুচিত্রা সুখময় বীজন বীজই
মন্দ মন্দ সুমন্দ চলতহিঁ
শ্যাম-সুন্দর সমথ শীতল
ভণ জগদানন্দ রে ॥

———

শ্রীশ্রীগৌরবিধুর্জয়তি।

# সম্পাদকীয় বক্তব্য।

বিগত ১৩০৬ বঙ্গাব্দে সুপ্রসিদ্ধ সাহিত্যিক শান্তিপুর-নিবাসী ৺কালিদাস নাথ মহাশয় শ্রীকৃষ্ণ চৈতন্যমহাপ্রভুর পরম প্রিয়পাত্র শ্রীখণ্ডবাসী ঠকুর শ্রীরঘুনন্দনের বংশধর শ্রীজগদানন্দের পদাবলী ভাষা-টীকা ও কবির জীবনীসহ সর্ব্বপ্রথমে প্রকাশ করেন। সম্প্রতি তাহা আর পাওয়া যায় না। অথচ শ্রীজগদানন্দের মধুর কান্ত পদাবলীর অপূর্ব্ব রসাস্বাদের জন্য অনেকেই লালায়িত। তাই আমরা এবার শ্রীগৌড়ীয়-বৈষ্ণব-সম্মিলনীর প্রীতি-উপহাররূপে তাহা (কেবল মূলমাত্র) প্রকাশ করিলাম। যাঁহাদের বংশ সকল সৎকার্য্যের চির সহায়, সেই কলিকাতার দাতাকর্ণ প্রাতঃস্মরণীয় ৺তারকনাথ প্রামাণিক এবং তৎপুত্র ৺কালীকৃষ্ণ প্রামাণিক মহাশয়ের উপযুক্ত বংশধর শ্রীমান্ প্রমথনাথ ও শ্রীমান্ বিনোদবিহারী ভ্রাতৃ-জীবনদ্বয় এবং মদেকবান্ধব ৺ আশুতোষের একমাত্র পুত্র শ্রীমান্ রাখাল বাবাজীবন এই পদাবলী প্রকাশের সমগ্র ব্যয়ভার বহন করিয়াছেন। আপনারা এই পদাবলী পাঠকালে উক্ত শ্রীমান্‌দিগকে আশীর্ব্বাদ করিবেন, যেন তাঁহারাও পূর্ব্বপুরুষের পদাঙ্ক অনুসরণ করিতে কখনও বিরত না হন এবং শ্রীভগবৎপাদপদ্মে অচলা ভক্তি লাভ করেন। ইতি—

২২শে পৌষ; ৪৩২ শ্রীচৈতন্যাব্দ<br>
মহেন্দ্রনাথ গোস্বামীর লেন<br>
সিমুলিয়া, কলিকাতা।

বৈষ্ণবদাসানুদাস—<br>
শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী।

# কতিপয় শব্দের অর্থ।

দামিনী-দাম-দমন—বিদ্যুৎসমূহের দমনকারী। দরপকি দাপ—কন্দর্প বা মদনের দর্প। প্রাতর—প্রাতঃকালের। পৈঠল—প্রবেশ করিল। ঠোর—স্থান। পঁহু—প্রভু। কনয়া—কনক, স্বর্ণ। সঞে—হইতে, সঙ্গে। আলিরি—হে সখি। বাওব—বাজাইবে, বাজিবে। দিঠি—দৃষ্টি। কলধৌত পগ—সোণার পা। রওন—রমণ। ভওন—ভবন। জনু—যেন। চঞ্চরিচয়—ভ্রমরসমূহ। থল-জলরুহ—স্থলপদ্ম। ছরম—শ্রম। কিচ—কর্দ্দম। হোর—ঐ। আগোরল—আগলাইল। ঝামর—মলিন। গারিম—গুরুত্ব। কারিম—কালিম, কৃষ্ণবর্ণ। ওর—সীমা। কোর—কোল। সুতি—শয়ন করিয়া। ভাগে—ভাগে, পলায়ন করে। খণ্ডকপালিয়া—যার ভাঙ্গা কপাল। ফুরই—স্ফূর্ত্তি পায়। হুলাস—উল্লাস। মনহুঁ—মনে। সুলছন—সুলক্ষণ। আগেনি—অগ্রে। রোপ—ছিদ্র (নাসিকাদির)। ভাগব—ভাগিয়া যাইবে, পলায়ন করিবে। আঁগ—অঙ্গ। ঘুঁঘুট—ঘোমটা। ভৈ—হইয়া। দৈ—দিয়া। দোষে—দোষে। বাহ—বাহু। নাহ—নাথ। চীনভব—চীন-দেশ-জাত। অলিক—অলির, ভ্রমরের। চৌদিশে—চারিদিকে। চওকি—চমকি। ধরিতি—ধরিত্রী, পৃথিবী। জাদ—বেণীর অগ্রভাগস্থ স্বর্ণ বা রেশম নির্ম্মিত থোপনা, সিঁথির অলঙ্কার বিশেষকেও বলে। কঞ্জ—পদ্ম। কুহু রাতি—অমাবস্যার রাত্রি, অন্ধকার রাত্রি। শপতি—শপথ, দিব্য। নিত—নিত্য। অসমতি—অসম্মতি। সমতি—সম্মতি। সুতল—সুপ্ত, ঘুমন্ত। কারি, কারী—কালী। গাজে—গর্জ্জন করে। ধান্ত—অন্ধকার। বিরাজে—ব্যাজ, বিলম্ব। স-তরল—ধুক্‌ধুকি-সমেত। উমতি—উন্মত্ত। উগন-রমণ—নক্ষত্রপতি চন্দ্র। ভাও—ভ্রূ।